



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা সমবায় কার্যালয়  
ময়মনসিংহ



বজ্রবন্ধুর দর্শন, সমবায় উন্নয়ন

স্মারক নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৩২.২৪৭.২০.৬৭৬

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

বিষয়: তীর্থ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর ২০২১-২০২২ খ্রিঃ সনের অডিট প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত

সূত্র: তীর্থ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর ২০২১-২০২২ খ্রিঃ সনের অডিট প্রতিবেদন

জনাব মোহাম্মদ রবিন ইসলাম, জেলা সমবায় কর্মকর্তা, ময়মনসিংহ কর্তৃক তীর্থ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ এর ২০২১-২০২২ খ্রিঃ সনের অডিট প্রতিবেদনের উপর পর্যালোচনা মন্তব্য

- সমিতির নাম : তীর্থ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ
- সমিতির ঠিকানা : গ্রাম/মহল্লা- শহীদ পরিমল রোড, ডাকঘর- ভালুকা, উপজেলা- ভালুকা,  
জেলা-ময়মনসিংহ।
- সমিতির রেজি নং ও তারিখ : রেজি নং- ০৭৮, তারিখ : ০৮/০৬/২০১৭ খ্রিঃ।
- সমিতির কেন্দ্রীয় সমিতির নাম : প্রযোজ্য নয়।
- অডিট বর্ষ : ২০২১-২০২২ খ্রিঃ।
- বর্তমান অডিট অফিসারের নাম : আলী আজম, সহকারী পরিদর্শক, উপজেলা সমবায় কার্যালয়, ভালুকা,  
ময়মনসিংহ।
- অডিট সম্পাদনের তারিখ : ১৯/০৩/২০২৩ খ্রিঃ।
- পর্যালোচনার তারিখ : ১৬/০৫/২০২৩ খ্রিঃ।

সমিতি পর্যায় :

- সমিতির ব্যবস্থাপনা কমিটি উপআইনের উদ্দেশ্য পালনে যথেষ্ট উদ্বোধনী নয়।
- সভা রেজিস্টারের সংশ্লিষ্ট কলাম যথাযথভাবে পূরণ করা হয়নি।
- ব্যবস্থাপনা কমিটি কর্তৃক সমিতির নামে ব্যাংক হিসাব খোলা হয়নি।
- ঋণ দাদনের ক্ষেত্রে সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৬ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৭০-৭৪ অনুসরণ করা হয়নি।
- সমিতিতে বর্তমানে মেয়াদ উত্তীর্ণ ব্যবস্থাপনা কমিটি দ্বারা সমিতির কার্যক্রম পরিচালিত হচ্ছে।
- সমিতিতে বার্ষিক সাধারণ সভা অনুষ্ঠিত হয়নি। ইহা সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ১৭ ধারা এবং সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৪২(২) বিধি লংঘন করা হয়েছে।
- ব্যবস্থাপনা কমিটির মাত্র ০২ টি সভা অনুষ্ঠিত হয়েছে। ইহাতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর বিধি ৪২ (২) লংঘন করা হয়েছে।
- সমিতিতে সাধারণ খতিয়ান ব্যবহার করা হয়নি।
- সমিতির নীট ক্ষতি ১৩৮০০/- টাকা। সমিতি কর্তৃপক্ষ মূলধন অবক্ষয় করে সমিতির কার্যক্রম পরিচালনা করছে।
- শেয়ার সার্টিফিকেট ও সঞ্চয়ের পাশবহি বিতরণ করা হয়নি।
- সমবায় সমিতি আইন, ২০০১ (সংশোধিত ২০০২ ও ২০১৩) এর ২৬খ ধারা মোতাবেক আমানত সুরক্ষা তহবিল গঠন করা হয়নি।

12. সমিতির তারল্য সংরক্ষন করা হয়নি। ইহাতে সমবায় সমিতি বিধিমালা, ২০০৪ (সংশোধিত ২০২০) এর ৬২ বিধি লংঘন করা হয়েছে।  
এমতাবস্থায় তাঁকে উপরে উল্লেখিত বিষয়ের উপর সংশোধনী প্রতিবেদন এ দপ্তরে দাখিল করার জন্য অনুরোধ করা হলো।

*APR Bin*

২৫-০৫-২০২৩

মোহাম্মদ রবিন ইসলাম  
জেলা সমবায় কর্মকর্তা

তীর্থ ক্ষুদ্র ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ, গ্রাম/মহল্লা- শহীদ পরিমল রোড, ডাকঘর- ভালুকা, উপজেলা- ভালুকা, জেলা-  
ময়মনসিংহ।।

স্মারক নম্বর: ৪৭.৬১.৬১০০.০০০.৩২.২৪৭.২০.৬৭৬/১ (১)

তারিখ: ১১ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ  
২৫ মে ২০২৩ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে:

১। উপজেলা সমবায় অফিসার, উপজেলা সমবায় অফিসারের কার্যালয়, উপজেলা সমবায় অফিস, ভালুকা, ময়মনসিংহ।



*APR Bin*

২৫-০৫-২০২৩

মোহাম্মদ রবিন ইসলাম  
জেলা সমবায় কর্মকর্তা